নির্বাচিত উদ্ভাবনী ধারণার শিরোনাম

ক্ষুদ্রঋণ গ্রাহকদের আর্থিক শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশের আর্থিক শিক্ষা সম্প্রসারণ।

জিনাত আমান বন্যা

সিনিয়র সহকারী পরিচালক ও সদস্য, ইনোভেশন টীম এমআরএ

ধারণার পরিচিতি

ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ দেশের প্রত্যন্ত অঞ্চলের সুবিধাবঞ্চিত, অবহেলিত জনগোষ্ঠী যারা সাধারণ ব্যাংকিং ব্যবস্থায় অংশগ্রহণ করতে পারে না তাদেরকে দারিদ্র্য-বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ঋণ প্রদান করে আসছে। অবহেলিত এ জনগোষ্ঠীকে আর্থিক শিক্ষা প্রদান করা হলে তারা নিজেদের হিসাব নিকাশ যথাযথভাবে বুঝতে পারবে এবং নিজেদের অধিকার আদায় ও সংরক্ষণে সচেষ্ট হবে।

উদ্দেশ্য

১) এর মাধ্যমে সমগ্র দেশে দরিদ্র জনগোষ্ঠীতেআর্থিক শিক্ষার একটি বেইজ লাইন তৈরী হবে

২) জাতীয় পর্যায়ে আর্থিক শিক্ষার হার বাড়বে যা জাতির জন্য একটি বড় ধরনের অর্জন হবে

কর্ম পদ্ধতি (ফ্লো-চার্ট)



কর্ম পদ্ধতি

i) মাঠকর্মীগণ প্রথমেই তাদের গ্রাহকগণের শিক্ষার লেভেল সংক্রান্ত বিবরণী তৈরী করবে; এক্ষেত্রে কয়েকটি স্তর নির্ধারন করা যায়:

ক) লেখাপড়া ও হিসাব নিকাশ জানে না

খ) প্রাতিষ্ঠানিক শিক্ষা নেই তবে যোগ, বিয়োগ, গুণ, ভাগ তথা হিসাব জানে

গ) ৫ম শ্রেণী পর্যন্ত পড়েছে

ঘ) ৮ম শ্রেণী পর্যন্ত পড়েছে

ঙ) ১০ম শ্রেণী ও তদূর্ধ্ব

ii) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের মাঠকর্মীগণ তাদের গ্রাহকগণের সাথে মাসে ৪টি সাপ্তাহিক মিটিং এর সর্বশেষটিতে অর্থাৎ মাসে একবার গ্রাহকগণের সাথে বসে তাদেরকে যোগ, বিয়োগ, গুণ, ভাগ ও সুদ হিসাবায়নসহ কয়েকটি বিষয় বুঝাবে;

iii) প্রতিমাসে প্রতিটি গ্রুপকে একবার বুঝানো হলে ছয় মাসের মধ্যেই এর কাঙ্খিত ফল পাওয়া যাবে;

iv) ছয়মাস কার্যক্রম চলার পর পুনরায় গ্রাহকদের শিক্ষা বিশেষ করে আর্থিক শিক্ষার বিবরণী গ্রহণ করে উৎকর্ষতা যাচাই করা যাবে।

উপকারিতা

দরিদ্র মানুষগণ শিক্ষিত ও সচেতন হয়ে উঠবে যার মাধ্যমে তাদের আয় ও কর্মযোগ্যতা বৃদ্ধি পাবে

বাস্তবায়ন ও পরিচালনা ব্যয়

১) এই প্রকল্প বাস্তবায়নে সরকারের কোন ব্যায় নির্বাহ করতে হবে না

২) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ নিজস্ব তহবিল থেকে মাঠকর্মীদের প্রণোদনা প্রদান করতে পারে

বাস্তবায়ন ও সময়কাল

অথরিটির পরিচালনা বোর্ডে প্রস্তাব উপস্থাপন	২০শে সেপ্টেম্বর, ২০১৫
অথরিটির অনুমোদনের পর প্রতিষ্ঠান নির্বাচন ও সার্কুলার জারীকরণ	৩১ ডিসেম্বর, ২০১৫ এর মধ্যে
বাস্তবায়ণ শুরুকরণ	০১ জানুয়ারী, ২০১৫ এর মধ্যে

Microcredit Regulatory Authority

সুবিধাভোগী ব্যয়

গ্রাহককে কোন ব্যায় বহন করতে হবে না

সম্প্রসারণের সুযোগ



সম্ভাব্য ঝুঁকি

- গ্রাহক সংখ্যা হ্রাস পাওয়ার ঝুকিঁ প্রাথমিকদিকে থাকলেও পরবর্তীতে গ্রাহকসংখ্যা হ্রাস এর পরিবর্তে ক্ষুদ্রঋণের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর বাইরের সদস্যরাও এতে ঝুঁকতে পারে।

বিবিধ

- একটি শিক্ষিত ও সচেতন জনগোষ্ঠী গড়ে তোলার পদক্ষেপ হিসেবে এ ধারণাটি ভূমিকা রাখতে পারবে।
- দরিদ্র ও অবহেলিত নারীদেরকে আর্থিক শিক্ষা প্রদানের মাধ্যমে আর্থিক বিষয়ে সচেতন করা যাবে।

Microcredit Regulatory Authority

ধন্যবাদ